

**সারাদেশে জেলা ও উপজেলা
পর্যায়ে শিক্ষা কমিটি গঠন**

স্টাফ রিপোর্টার : মানোন্নয়নের লক্ষ্যে সরকার জেলা ও উপজেলা পর্যায়ে পৃথক দু'টি কমিটি গঠন করেছে। জেলা ও উপজেলা পর্যায়ে নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, ডিগ্রী ও মাস্টার্স ডিগ্রীর ত্বরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরীক্ষা, মূল্যায়ন এবং স্থানীয় জনগণকে জা জানানো ছাড়াও শিক্ষার সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ে এ কমিটি দু'টি গঠন করেছে। গতকালই (রবিবার) এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা কমিটি গঠনের কথা ঘোষণা করা হয়েছে। জেলা পর্যায়ে কমিটির নাম দেয়া হয়েছে জেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কমিটি এবং উপজেলা পর্যায়ে কমিটির নাম দেয়া হয়েছে উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি। জেলার ভারপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর উপদেষ্টা, পদাধিকারবলে জেলা প্রশাসককে সভাপতি ও জেলা শিক্ষা অফিসারকে সদস্য সচিব করে জেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্য হলেন- উপজেলা নির্বাহী অফিসার (পদাধিকারবলে), সরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক কলেজের প্রিন্সিপাল, সরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহিলা কলেজের প্রিন্সিপাল, বেসরকারী ডিগ্রী কলেজের প্রিন্সিপাল, বেসরকারী মহিলা ডিগ্রী কলেজের প্রিন্সিপাল, সরকারী টিচার ট্রেনিং কলেজের প্রিন্সিপাল, জেলা পলিটেকনিক ইনস্টিটিউটের চীফ ইন্সট্রাক্টর, জেলার ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের সুপারিনটেনডেন্ট, শিক্ষা কৌশল অধিদফতরের নির্বাহী প্রকৌশলী (পদাধিকারবলে), মাদ্রাসার প্রিন্সিপাল, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রিন্সিপাল, সরকারী মাধ্যমিক বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা, বেসরকারী মাধ্যমিক বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, বেসরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা, জেলার বিশিষ্ট শিক্ষানুরাগী ব্যক্তি (একজন পুরুষ ও একজন মহিলা), জেলা সদরে অবস্থিত বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচিত অভিভাবক প্রতিনিধি, মাধ্যমিক ছুদ পর্যায়ে একজন, ডিগ্রী কলেজের একজন, মাদ্রাসার একজন, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের একজন এবং জেলার একজন অবসরপ্রাপ্ত বিশিষ্ট শিক্ষাবিদ।

নবগঠিত এই কমিটি এখন থেকে শিক্ষার মানোন্নয়নে যাবতীয় কর্মকাণ্ড চালাবে। উপজেলা নির্বাহী অফিসারকে পদাধিকারবলে সভাপতি করে উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি গঠন করা হয়েছে। কমিটির অপর সদস্যরা হলেন- পদাধিকারবলে জেলা পলিটেকনিক সচিব, সহকারী কমিশনার ডিনি,

প্রকৌশলী অধিদফতরের উপ-সহকারী প্রকৌশলী এবং সরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয়ের প্রিন্সিপাল, সরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহিলা কলেজের প্রিন্সিপাল, বেসরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয়ের প্রিন্সিপাল, বেসরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহিলা মহাবিদ্যালয়ের প্রিন্সিপাল, উপজেলার একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত), জেলার ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের সুপারিনটেনডেন্ট, মাদ্রাসার প্রিন্সিপাল, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় তথা ছুদ ও কলেজের প্রিন্সিপাল, সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা, উপজেলার একজন মহিলা ইউনিয়ন পরিষদ সদস্য (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত), বেসরকারী মাধ্যমিক বালক/বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা, উপজেলার বিশিষ্ট শিক্ষানুরাগী একজন পুরুষ ও একজন মহিলা এবং উপজেলা বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচিত অভিভাবক প্রতিনিধি (মাধ্যমিক ছুদ পর্যায়ে)।